



Beats of My Heart

লাভেলোর ১০ম এজিএম সম্পন্ন

পুঁজিবাজারে তালিকাভুক্ত খাদ্য ও আনুষঙ্গিক খাতের কোম্পানি তাওফিকা ফুডস এন্ড লাভেলো আইসক্রিম পিএলসির ১০ম বার্ষিক সাধারণ সভা (এজিএম) মঙ্গলবার সকাল ১০ টায় ডিজিটাল প্লাটফর্মের মাধ্যমে অনুষ্ঠিত হয়েছে। এতে সভাপতিত্ব করেন কোম্পানির পরিচালনা পর্যবেক্ষণ চেয়ারম্যান দাঁতিন শামীমা নার্গিস হক। সভায় কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক দাঁতো মো: একরামুল হক পরিচালক মণ্ডলীর বিবরণী উপস্থাপন করেন এবং কোম্পানির গুরুত্বপূর্ণ বিষয় ও ভবিষ্যৎকর্ম পরিকল্পনা সম্পর্কে শেয়ারহোল্ডারদের অবহিত করেন। শেয়ারহোল্ডারগণ ভার্চুয়াল অংশ নিয়ে ২০২০-২০২১ হিসাব বছরের জন্য সুপারিশকৃত ১১ শতাংশ নগদ লভ্যাংশ সহ অন্যান্য আলোচ্য এজেন্ডা অনুমোদন করেন এবং বিনিয়োগকারীদের সম্মতিতে আইপিও থেকে প্রাপ্ত অর্থ মূলধনী যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে প্রসপেক্টাসে উল্লেখিত প্রস্তাব সংশোধনের সিদ্ধান্ত গ্রহণ করেন।

এজিএমে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন পরিচালক মুহসীনিনা তাওফিকা একরাম, স্বতন্ত্র পরিচালক জনাব ইমতিয়াজ লুৎফুল বাসেত, কোম্পানি সচিব এ.কে.এম জাকারিয়া হোসেন এফসিএমএ এবং সিএফও মুশতাক আহমদ।